



পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি POWER GRID BANGLADESH PLC

(An Enterprise of Bangladesh Power Development Board)

স্মারক নং:-২৭.২১.৭৫০৫.৬৯১.০২.০০১.২৫.০৮৮

তারিখঃ ১৮/১০/২০২৫ খ্রিষ্টাব্দ
০৩রা অগ্রহায়ণ ১৪৩২বঙ্গাব্দ

আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণের বিজ্ঞপ্তি।

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি এর অধীন জিএমডি, নোয়াখালী অফিস কার্যালয়ের জন্য (অস্থায়ী) গাড়ি চালক (লাইট) পদে আউটসোর্সিং নীতিমালায় সেবা ক্রয়ের নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন স্থানীয় প্রতিষ্ঠান/ব্যক্তি'র নিকট হতে সরাসরি দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
০১	গাড়ি চালক(লাইট) (অস্থায়ী) বেতন টাঃ১৮৫৪০/- ক্যাটাগরি-২	০২ (দুই) টি	ন্যূনতম অষ্টম শ্রেণী পাস/সমমান হতে হবে। তবে, অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়সসীমা ১৮-৬০ বছর হতে হবে। বিআরটিএ কর্তৃক প্রদানকৃত বৈধ লাইসেন্স থাকতে হবে।	স্মারকনং-২৭.২১.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১- ১৭৮ তারিখঃ ১৫/০৪/২০২৫ইং অনুসরণ করা হবে।

শর্তাবলিঃ

- আবেদনকারী প্রার্থীকে পাওয়ার গ্রিড এর নির্বাহী প্রকৌশলী জিএমডি-নোয়াখালী, পাওয়ার গ্রিড দপ্তর বরাবর লিখিত আবেদন ক) প্রার্থীর নাম খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) ২০/১১/২০২৫ইং তারিখে বয়স ছ) জাতীয়তা জ) জাতীয় পরিচয় পত্রের নম্বর ঝ) ধর্ম ঞ) নিজ জেলা ট) মোবাইল নম্বর ঠ) শিক্ষাগত যোগ্যতা এবং ড্রাইভিং লাইসেন্স সনদ ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- স্থানীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা সম্বলিত প্যাডে আবেদন করতে হবে। আবেদনের সাথে হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদ ও ভ্যাট সনদ, আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের অভিজ্ঞতার সনদ এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে “নির্বাহী প্রকৌশলী, জিএমডি-নোয়াখালী, পাওয়ার গ্রিড” কার্যালয় বরাবর আগামী ২৫/১১/২০২৫ইং খ্রিঃ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি “নির্বাহী প্রকৌশলী’র দপ্তর, জিএমডি, নোয়াখালী, পাওয়ার গ্রিড” কন্ডাক্টর পোল আলীপুর, বেগমগঞ্জ, নোয়াখালী” কার্যালয়-এ অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ২০/১১/২০২৫ইং তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৬০ বছর হতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে (ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য)।
 - শিক্ষাগত যোগ্যতা ও ড্রাইভিং সনদের সত্যায়িত অনুলিপি।
 - সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
 - স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
 - জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
- অসম্পূর্ণ ও এটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- উপযুক্ত প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচী পরবর্তিতে জানানো হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে/প্রতিষ্ঠানকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা সনদ, ড্রাইভিং ও অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
- পরিক্ষায় অংশ গ্রহণের /প্রতিষ্ঠানের মূল্যায়নের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল, স্থগিত ও পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- বর্ণিত সেবাগ্রহণ জিএমডি-নোয়াখালী ও উহার আওতাধীন গ্রিড উপকেন্দ্র সমূহের জন্য কার্যকর থাকবে।
- গাড়ি প্রাপ্তি এবং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উত্তীর্ণ গাড়ি চালকের সাথে চুক্তি সম্পাদন হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।


18/11/25

(মোঃ আব্দুল হালিম)

পরিচিতি নং-০০২৯২

নির্বাহী প্রকৌশলী

জিএমডি, নোয়াখালী, পাওয়ার গ্রিড।